

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৩, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি শাখা-১  
প্রজ্ঞাপন

তারিখ : ০৯ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ/২৬ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৫.১৬-০৬।—সরকার পেনশনারগণের (বেসামরিক/সামরিক) আর্থিক এবং সামাজিক সুরক্ষা নিশ্চিত করার স্বার্থে নিম্নরূপ বিধান প্রবর্তন করিল :

(ক) সরকারি কর্মচারীগণের (বেসামরিক/সামরিক) গ্রস পেনশনের শতকরা ১০০ ভাগ সমর্পণের সুবিধা বাতিল করিয়া শতকরা ৫০ ভাগ বাধ্যতামূলক সমর্পণ এবং অবশিষ্ট শতকরা ৫০ ভাগের জন্য নির্ধারিত হারে মাসিক পেনশন গ্রহণের বিধান প্রবর্তন করা হইল। এই বিধান ০১ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।

[ব্যাখ্যা : ৩০ জুন, ২০১৭ খ্রিঃ তারিখ বা তাহার পর যাহাদের অবসর-উত্তর ছুটি শেষ হইবে তাহারা এই সুবিধার আওতায় আসিবেন।]

(খ) পেনশনারগণ/পারিবারিক পেনশনারগণ মাসিক পেনশনের উপর ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হইবেন যাহা ০১ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।

২। অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজীকরণ বিষয়ক স্মারক নং-অম/অবি/বিধি/পেনশন/৩-পি-২৬/৯৪/১৭ তারিখ : ০১-০৬-১৯৯৪ খ্রিঃ এর 'পেনশন সমর্পণ' সংক্রান্ত ২.১৩ নং অনুচ্ছেদটি ০১-০৭-২০১৭ খ্রিঃ তারিখ হইতে বাতিল বলিয়া গণ্য হইবে।

( ৮৫৯ )  
মূল্য : টাকা ৪.০০

৩। প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪-১২-২০০৩ খ্রিঃ তারিখে জারীকৃত সশস্ত্র বাহিনীর সদস্যদের শতভাগ পেনশন কম্যুটেশন সুবিধা প্রদান সংক্রান্ত প্রম/ডি-১৯/১পেন-৩/৯৭/অংশ-২/৩০৫ নং স্মারকটি এই প্রজ্ঞাপনের আলোকে সংশোধন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মনির উদ্দিন  
অতিরিক্ত সচিব।